গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১৩৭

তারিখ: ২৫ মাঘ ১৪৩২ / ০৮ ফেব্রুয়ারি ২০২৬

## অফিস আদেশ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর রাজস্ব খাতভুক্ত 'হাউজকিপার' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪তম গ্রেডে (১০,২০০-২৪,৬৮০/- টাকা স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | প্রার্থীর নাম, পিতা-মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | রোল নম্বর | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | জনাব মাসুমা আক্তার<br>পিতা: আব্দুর রকিব<br>মাতা: শান্তি বেগম | প্রযত্নে: ওমর ফারুক<br>গ্রাম: বল্লা<br>ডাকঘর: বল্লা বাজার<br>উপজেলা/থানা: কালিহাতি<br>জেলা: টাঙ্গাইল-১৯৭৩ | প্রযত্নে: ওমর ফারুক<br>গ্রাম: বল্লা<br>ডাকঘর: বল্লা বাজার<br>উপজেলা/থানা: কালিহাতি<br>জেলা: টাঙ্গাইল-১৯৭৩ | ১২০৪০১৩ | টাঙ্গাইল |
| ০২ | জনাব নাদিরা বানু তুলি<br>পিতা: মো: সিরাজুল ইসলাম<br>মাতা: নাজমা শাহরিন | প্রযত্নে: এস মহিউদ্দিন আহম্মদ<br>গ্রাম: রঘুনাথপুর<br>ডাকঘর: আর কমরাইল<br>উপজেলা/থানা: ডুমুরিয়া<br>জেলা: খুলনা-৯২৫৩ | প্রযত্নে: এস মহিউদ্দিন আহম্মদ<br>গ্রাম: রঘুনাথপুর<br>ডাকঘর: আর কমরাইল<br>উপজেলা/থানা: ডুমুরিয়া<br>জেলা: খুলনা-৯২৫৩ | ১২০২৭৯০ | খুলনা |
| ০৩ | জনাব মো: মিরাজুল ইসলাম শাহ<br>পিতা: মো: জমসেদ আলী শাহ<br>মাতা: মোছা: লুৎফুন নাহার | প্রযত্নে: মো: জমসেদ আলী শাহ<br>গ্রাম: ইন্দ্রপাড়া<br>ডাকঘর: বৈদেশির হাট<br>উপজেলা/থানা: চিরিরবন্দর<br>জেলা: দিনাজপুর-৫২৪০ | প্রযত্নে: মো: জমসেদ আলী শাহ<br>গ্রাম: ইন্দ্রপাড়া<br>ডাকঘর: বৈদেশির হাট<br>উপজেলা/থানা: চিরিরবন্দর<br>জেলা: দিনাজপুর-৫২৪০ | ১২০০৫৭৪ | দিনাজপুর |
| ০৪ | জনাব মো: অহেদুর রহমান<br>পিতা: মো: আব্দুল জাব্বার<br>মাতা: জেসমিন বেগম | প্রযত্নে: মো: আব্দুল জাব্বার<br>গ্রাম: সনি আখড়া<br>ডাকঘর: দনিয়া<br>উপজেলা/থানা: কদমতলি<br>জেলা: ঢাকা-১২৩৬ | প্রযত্নে: মো: আব্দুল জাব্বার<br>গ্রাম: কলবাগান<br>ডাকঘর: বন্দর<br>উপজেলা/থানা: বন্দর<br>জেলা: নারায়ণগঞ্জ-১৪১০ | ১২০২৭১৩ | নারায়ণগঞ্জ |
| ০৫ | জনাব তাপস পাল<br>পিতা: পরেশ চন্দ্র পাল<br>মাতা: ননী বালা পাল | প্রযত্নে: পরেশ চন্দ্র পাল<br>গ্রাম: সাইতাড়া পশ্চিম<br>ডাকঘর: সাইতাড়া<br>উপজেলা/থানা: বীরগঞ্জ<br>জেলা: দিনাজপুর-৫২২০ | প্রযত্নে: পরেশ চন্দ্র পাল<br>গ্রাম: সাইতাড়া পশ্চিম<br>ডাকঘর: সাইতাড়া<br>উপজেলা/থানা: বীরগঞ্জ<br>জেলা: দিনাজপুর-৫২২০ | ১২০২৮১৭ | দিনাজপুর |

**নিয়োগের শর্তাবলিঃ**

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

CamScanner

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) সেট (নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল কাগজপত্র) ফটোকপি দাখিল করতে হবে;

ঙ) চাকরিতে তাঁদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপটেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

ছ) তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- (কথায়: তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);

জ) এ নিয়োগপত্রের সাথে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);

ঝ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

ট) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ মার্চ, ২০২৬ তারিখে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগদানপত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) দাখিল করতে হবে।

(ইশরাত জামান)
মহাপরিচালক
ফোন: ০২২২৬৬৮৩৬৩৮
ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১৩৭/১(১৫)

তারিখ: ২৫ মাঘ ১৪৩২
০৮ ফেব্রুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন, গবেষণা, প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

২। সিভিল সার্জন-------------------------------------------------।

৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৭। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। জনাব/বেগম ----------------------------------------------------------------।

৯। অফিস কপি।

(মোহাম্মদ সাফাত মোস্তফা)
তত্ত্বাবধায়ক (প্রশাসন)
ফোন:০২২২৬৬৮৩৬২৩
ই-মেইল: shafatmostafa@gmail.com

CamScanner